# “সিটিজেন চার্টার”

গ্রাহক সেবা নির্দেশিকা

## ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি

## বাংলাবাজার, ভোলা।

ফোনঃ ০১৭৬৯-৪০০০১৪

e-mail: bhopbs@gmail.com, Web: www.pbs.bhola.gov.bd

- রুপকল্প (vision) : ভোলা পবিস এর আওতাধীন সবল জনগনকেগুণগতমানের বিদ্যুৎ সরবরাহ করা।
- অভিলক্ষ (Mission) : এপ্রিল/২০২০ সালের মধ্যে অত্র পবিসের আওতাধীন সমগ্র জনগোষ্ঠীকে (প্রতটি ঘরে) বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেয়া।

### এক নজরে ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি

| | | |
|---|---|---|
| ০১ | অন্তর্ভূক্ত উপজেলা | ০৮ টি । দৌলতখান, ভোলা সদর , তজুমদ্দিন, বোরহানউদ্দিন, লালমোহন, মনপুরা, চরফ্যাশন ও মেহেন্দিগঞ্জ (আংশিক)। |
| ০২ | আয়তন | ৩,৪০৪ বর্গ কিঃমিঃ। |
| ০৩ | নিবন্ধিকরণের তারিখ | ১৯.০৩.১৯৯৮ ইং। |
| ০৪ | বিদ্যুতায়নের তারিখ | ০৫.০৩.১৯৯৯ ইং। |
| ০৫ | জোনাল অফিসের সংখ্যা | ০২ টি ( লালমোহন, চরফ্যাশন )। |
| ০৬ | সাব-জোনাল অফিসের সংখ্যা | ০১ টি ( পরানগঞ্জ )। |
| ০৭ | এরিয়া অফিসের সংখ্যা | ০১ টি (দৌলতখান)। |
| ০৮ | অভিযোগ কেন্দ্রের সংখ্যা | ০৫ টি (তজুমদ্দিন, বোরহানউদ্দিন, শশীভূষণ, খেয়াঘাট ও শান্তিরহাট। |
| ০৯ | উপকেন্দ্রের সংখ্যা | ০৮ টি । |

### এক অবস্থানে সেবা

ভোলা পল্লী বিদ্যুৎ এর সদর দপ্তর/জোনাল অফিস/সাব-জোনাল অফিসের “এক অবস্থানে সেবা” কেন্দ্রে যে কোন অভিযোগ যেমনঃ নতুন সংযোগ, বিদ্যুৎ বিভ্রাট, বিল সংক্রান্ত, মিটার সংক্রান্ত, পুনঃসংযোগ সংক্রান্ত, বিল পরিশোধের ব্যবস্থা ইত্যাদি জানা যাবে।

### নতুন সংযোগ প্রক্রিয়ার জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি

**১.১) আবসিক নতুন বিদ্যুৎ সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমন্টের তালিকা**

১। জাতীয় পরিচয় পত্র/প্রযোজ্য ক্ষেত্রে ১ কপি পাসপোর্ট সাইজের ছবি;

২। জমির মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজ, মূল মালিক না থাকলে উত্তরাধিকার সনদ;

৩। পূর্বের সংযোগ থাকলে পরিশোধিত বিলের কপি (একই নামে বা স্থানে আরো সংযোগ নিতে নতুন করে আর কোন ডকুমন্ট লাগবে না);

৪। বহুতল ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ;

৫। রাজউক/সিডিএ/কেডিএ/আরডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভার অনুমোদিত বিল্ডিং প্লান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে)।

| | | | |
|---|---|---|---|
| | | | [বিঃ দ্রঃ আবাসিক গ্রাহকের লোড ৫০ কিলোওয়াটের উপরে হলে প্রধান বিদ্যু] পরিদর্শকের দপ্তরের উপকেন্দ্র চালুর অনুমোদন লাগবে]<br>**১. ২) বানিজ্যিক নতুন বিদ্যুৎ সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা**<br>১। জাতীয় পরিচয় পত্র/প্রযোজ্য ক্ষেত্রে ১ কপি পাসপোর্ট সাইজের ছবি;<br>২। জমির মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজ, মূল মালিক না থাকলে উত্তরাধিকার সনদ;<br>৩। পূর্বের সংযোগ থাকলে পরিশোধিত বিলের কপি (একই নামে বা স্থানে আরো সংযোগ নিতে নতুন করে আর কোন ডকুমন্ট লাগবে না);<br>৪। বনিজ্যিক ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ;<br>৫। রাজউক/সিডিএ/কেডিএ/আরডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভার অনুমোদিত বিল্ডিং প্লান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে);<br>৬। এইচটি সংযোগের ক্ষেত্রে প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের উপকেন্দ্র চালুর অনুমোদন লাগবে।<br>**১.৩) শিল্প সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমন্টের তালিকা**<br>১। জাতীয় পরিচয় পত্র/প্রযোজ্য ক্ষেত্রে ১ কপি পাসপোর্ট সাইজের ছবি;<br>২। জমির মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজ, মূল মালিক না থাকলে উত্তরাধিকার সনদ;<br>৩। পূর্বের সংযোগ থাকলে পরিশোধিত বিলের কপি (একই নামে বা স্থানে আরো সংযোগ নিতে নতুন করে আর কোন ডকুমন্ট লাগবে না);<br>৪। রাজউক/সিডিএ/কেডিএ/আরডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভার অনুমোদিত বিল্ডিং প্লান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে);<br>৫। শিল্প সংযোগের ক্ষেত্রে লোড ৫০ কিলোওয়াটের অধিক হলে প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের উপকেন্দ্র চালুর অনুমোদন ও অগ্নি নির্বাপন সনদ লাগবে। |

| যোগাযোগ | | | | |
|---|---|---|---|---|
| সদর দপ্তর | | জেনারেল ম্যানেজার<br>০১৭৬৯-৪০০০১৪<br>ডেপুটি জেনারেল ম্যানেজার (সদর-কারিগরী)<br>০১৭৬৯-৪০২১১৭<br>mailto:bhopbs@gmail.com | এজিএম (প্রসাশন)<br>০১৭৬৯-৪০০৮৯৩<br><br>এজিএম (ওএন্ডএম)<br>০১৭৬৯-৪০০৩০৬ | এজিএম (সদস্য সেবা)<br>০১৭৬৯-৪০০৮৯২<br><br>এজিএম (অর্থ)<br>০১৭৬৯-৪০০৩০৭ |
| | অভিযোগ কেন্দ্র | সদর দপ্তরঃ ০১৭৬৯৪০০৮৮৬<br>ভোলাঃ ০১৭৬৯<br>পরানগঞ্জঃ ০১৭৬৯৪০০৮৮৫ | শান্তিরহাটঃ ০১৭৬৯৪০২৫৬২<br>দৌলতখানঃ ০১৭৬৯৪০০৮৮৭<br>খেয়াঘাটঃ ০১৭৬৯৪০২০৯৭ | |
| লালমোহন জোনাল অফিস | | ডেপুটি জেনারেল ম্যানেজার<br>০১৭৬৯-৪০০০৮৯<br>lalmohonzobholapbs@gmail.com | এজিএম (ওএন্ডএম)<br>০১৭৬৯-৪০০৩০৫ | |
| | অভিযোগ কেন্দ্র | লালমোহনঃ ০১৭৬৯-৪০০৮৮৮<br>তজুমদ্দিনঃ ০১৭৬৯-৪০০৮৯০<br>বোরহাউদ্দিন(আংশিক)ঃ ০১৭৬৯-৪০০৮৮৯ | | |
| [illegible] জোনাল অফিস | | ডেপুটি জেনারেল ম্যানেজার<br>০১৭৬৯-৪০৭২৭৪<br>cfsubzonal2016@gmail.com | এজিএম (ওএন্ডএম)<br>০১৭৬৯-৪০২২১৬ | |

### ১.৪) শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয় প্রতিষ্ঠান/সেবামূলক প্রতিষ্ঠান/হাসপাতালে সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা

১। জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির);

২। জমির মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজপত্র;

৩। পুর্বের সংযোগ থাকলে পরিশোধিত বিলের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

৪। রাজউক/সিডিএ/কেভিএ/আরডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভা/ সরকার কর্তৃক অনুমোদিত বিল্ডিং প্লান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে);

৫। বহুতল ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) লাগবে;

### ১.৫) সামাজিক বা বনিজ্যিক কর্মকান্ড বা নির্মাণ কাজের জন্য অস্থায়ী সংযোগের ক্ষেত্রে প্রয়োজনীয় ডকুমন্টের তালিকা

১। পাসপোর্ট সাইজের ছবি (প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির);

২। জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির);

৩। সামাজিক বা বনিজ্যিক কর্মকান্ডের দজন্য কর্তৃপক্ষের অনুমতিপত্র;

৪। ডেভেলপার কর্তৃক ভবন নির্মাণ করা হলে ভূমির মালিক

| | | | |
|---|---|---|---|
| | অভিযোগ কেন্দ্র | চরফ্যাশনঃ ০১৭৬৯-৪০০৮৯১<br>শশীভূষণঃ ০১৭৬৯-৪০২২৪৬ | কর্তৃক প্রদত্ত পাওয়ার অব এটর্নি।<br>**১.৬) সেচ সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা**<br>১। পাসপোর্ট সাইজের ছবি (ব্যক্তি/প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির ক্ষেত্রে);<br>২। জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির);<br>৩। সেচ কমিটির অনুমোদনপত্র।<br><br>**১.৭। বিনামূল্যে ট্রান্সফরমার প্রদানঃ**<br>ক) চুক্তি বদ্ধ লোড ১ হতে ৫০ কিলোওয়াট পর্যন্ত আবাসিক, ক্ষুদ্র শিল্প, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মিয় প্রতিষ্ঠান, পানির পাম্প, ব্যাটারী চার্জিং, বাণিজ্যিক প্রতিষ্ঠানে বিনামূল্যে ট্রান্সফরমার প্রদান করা হয়।<br><br>**বিঃদ্রঃ** মুজিববর্ষে শতভাগ বিদ্যুতায়নের স্বার্থে রাস্তার পার্শ্বে অথবা সরকারী জা য়গায় ভাড়াহীন এবং বেসরকারী জায়গায় মৌখিকভাবে ভাড়া নিয়ে ঘর -বাড়ী নির্মাণ করে বসবাসকারী ভূমিহীন গ্রাহকগনের জাতীয় পরিচয় পত্র অথবা জন্মনিবন্ধন সনদ এবং এক কপি পাসপোর্ট সাইজের ছবি এর সাথে সংশ্লিষ্ট ইউনিয়ন /উপজেলা/পৌরসভার চেয়ারম্যান /মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ত্ব সনদ নিয়ে আসলে বিদ্যুৎ সংযোগ নিতে পারবেন। |

# নাগরিক সেবার তথ্য সারণি

| ক্রঃ নং | সেবা প্রদানকারী অফিস | সেবা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে) | প্রয়োজনীয় সময় | ফি/চার্জ |
|---|---|---|---|---|---|---|

| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ক. ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি<br>● সদর দপ্তর<br>● লালমোহন জোনাল অফিস<br>● চরফ্যাশন জানাল অফিস<br>● পরানগঞ্জ সাব-জোনাল অফিস<br>খ. ব্যাংক<br>গ. ইউডিসি<br>ঘ. টেলিটক পল্লীচর্জ রিটেইলার | বিদ্যুৎ বিল আদায় | ১. এজিএম (অর্থ)<br>২. ক্যাশিয়ার<br>৩. ব্যাংকের ম্যানেজার<br>৪. ব্যাংকের ক্যাশিয়ার<br>৫. ইউডিসির উদ্যোক্তা<br>৬. টেলিটক রিটেইনার | ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সরবরাহকৃত বিলে উল্লেখিত পরিমাণ অর্থ কলাম-খ এর উল্লেখিত স্থানসমূহে পরিশোধ পূর্বক গ্রাহককে রশিদ প্রদান করা হয়। | তাৎক্ষনিক | বিলে উল্লেখিত অর্থ |
| ০২ | ক. ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি<br>● সদর দপ্তর<br>● লালমোহন জোনাল অফিস<br>● চরফ্যাশন জানাল অফিস<br>● পরানগঞ্জ সাব-জোনাল অফিস | বিল পরিশোধের প্রত্যয়নপত্র | ১. এজিএম (অর্থ)<br>২. বিলিং সুপারভাইজার<br>৩. বিলিং সহকারী | গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে অথবা পবিস নির্দেশিকা অনুযায়ী প্রতিবছর সকল আবাসিক গ্রাহককে বিদ্যুৎ বিল পরিশোধের প্রত্যয়নপত্র দেয়া হয়। | আবেদনের প্রেক্ষিতে ১-২ দিন | |
| ০৩ | ক. ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি<br>● সদর দপ্তর<br>● লালমোহন জোনাল অফিস<br>● চরফ্যাশন জানাল অফিস<br>● পরানগঞ্জ সাব-জোনাল অফিস | বিদ্যুৎ বিভ্রাটের অভিযোগ নিস্পত্তি | ১. এজিএম (ওএন্ডএম)<br>২. জুনিয়র ইঞ্জিনিয়ার<br>৩. লাইনম্যান | গ্রাহক কর্তৃক উত্থাপিত বিদ্যুৎ বিভ্রাটের অভিযাগ আমলে নিয়ে সংশ্লিষ্ট অফিসের লাইন ক্রু প্রয়োজনীয় মালামাল ও যানবাহনসহ ঘটনাস্থলে গমন করে সার্বিক পরিস্থিতি অনুযায়ী অভিযোগের বিষয়টি সমাধানপূর্বক গ্রাহককে অবহিত করেন। | ২-২৪ ঘন্টা | |
| ০৪ | ক. ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি<br>● সদর দপ্তর<br>● লালমোহন জোনাল অফিস<br>● চরফ্যাশন জানাল অফিস<br>● পরানগঞ্জ সাব-জোনাল অফিস | ১.অনলাইনে সংযোগের আবেদন বিদ্যমান সার্ভিসড্রপের আওতায় (সর্বোচ্চ ১৩০ ফুট)<br><br>২. লাইন নির্মাণপূর্বক সার্ভিস ড্রপের আওতায় | ১.এজিএম (সদস্য সেবা)<br>২.পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর<br>৩.মেম্বার সার্ভিস কো-অর্ডিনটর<br>৪. ওয়্যারিং পরিদর্শক | কলাম-খ তে উল্লেখিত অফিসসমূহে সংযোগ প্রত্যাশীগন অনলাইনে আবেদনপূর্বক এনআইডি কার্ডের ফটাকপি ও ওয়্যারিং রিপোর্টসহ স্বশরীরে ক্যাশ কাউন্টারে নির্দিষ্ট পরিমাণ অর্থ জমা করেন। অফিস প্রধানের মাধ্যমে সংশ্লিষ্ট ওয়্যারিং পরিদর্শক সরেজমিনে বিদ্যুৎ সংযোগ প্রদানের যথার্থতা যাচাই পূর্বক রিপোর্ট প্রদান করেন।<br>ক. বিষয়টি অনুমোদনের সাপেক্ষে আবেদনকারীকে ক্যাশ শাখায় নিরাপত্তা | ১. সার্ভিস ড্রপের আওতায় ০৭ দিন<br>২. শিল্প সংযোগের ক্ষেত্রে ২৮<br>০৩. লাইন নির্মানের ক্ষেত্রে ৩৬ মাস | বিদ্যমান নীতিমালা অনুযায়ী জামানতের পরিমান খুচরা বিদ্যুৎ মূল্যহার সারণীতে দ্রষ্টব্য |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | জামানত প্রদান করতে হয়।<br>খ. সার্ভিস ড্রপের বাইরে হলে লাইন নির্মানের জন্য তা মাস্টার প্ল্যানের অন্তর্ভূক্ত করা হয় এবং লাইন নির্মাণ শেষে সংযোগ প্রদান করা হয়। | | |
| ০৫ | ক. ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি<br>● সদর দপ্তর<br>● লালমোহন জোনাল অফিস<br>● চরফ্যাশন জানাল অফিস<br>● পরানগঞ্জ সাব-জোনাল অফিস | মিটার/পোল স্থানান্তর | ১. এজিএম (সদস্য সেবা)<br>২. পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর<br>৩. মেম্বার সার্ভিস কো-অর্ডিনটর<br>৪. ওয়্যারিং পরিদর্শক | অফিস থেকে নির্ধারিত আবেদন ফর্ম সংগ্রহ করতঃ জাতীয় পরিচয় পত্রের ফটোকপি , সংযোগস্থলের বিবরণ, দুই কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবিসহ নির্ধারিত ফি জমা দিয়ে আবেদন করতে হবে। | ১. ৭ দিন<br>২. লাইন নির্মাণের ক্ষেত্রে ৩৬ মাস | বিদ্যমান নীতিমালা অনুযায়ী পবিস নির্দেশিকা ১০০/৩০০ সিরিজ অনুযায়ী লাইন নির্মাণের খরচ(প্রযোজ্য ক্ষেত্রে) |
| ০৬ | ক. ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি<br>● সদর দপ্তর<br>● লালমোহন জোনাল অফিস<br>● চরফ্যাশন জানাল অফিস<br>● পরানগঞ্জ সাব-জোনাল অফিস | গ্রাহকের নাম/মালিকানা পরিবর্তন | ১. এজিএম (সদস্য সেবা)<br>২. পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর<br>৩. মেম্বার সার্ভিস কো-অর্ডিনটর<br>৪. ওয়্যারিং পরিদর্শক | সাদা কাগজে জেনারেল ম্যানেজার/ডেপুটি জেনারেল ম্যানেজার বরাবর আবেদন করতে হবে। ২ কপি সত্যায়িত ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি/ ইউপি চেয়ারম্যান মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, পূর্বের সংযোগস্থলের জমির মালিকানার স্বপক্ষে দলিল/পর্চার ফটোকপি।<br>১। মৃত্যু জনিত কারণে<br>ক.মৃত ব্যক্তির মৃত্যু সনদ ও ওয়ারিশ নামা (ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত)<br>খ.আবেদনকারী ব্যতিত অন্যান্য ওয়ারিশের না দাবী নামা সম্বলিত নন-জুডিশিয়াল স্ট্যাম্প।<br>২. ক্রয় বিক্রয় জনিত কারণে<br>ক. জমি ক্রয় বিক্রয় সংক্রান্ত দলিল (সত্যায়িত)<br>খ. নন-জুডিশিয়াল স্ট্যাম্পে মিটার | ৭ দিন | নাম পরিবর্তন ফি ঃ<br>যথাযথ অনুমোদন সাপেক্ষে<br>১.আবাসিক:১০০ টাকা<br>২.বাণিজ্যিক : ২০০ টাকা<br>৩. সেচ: ৫০০ টাকা<br>৪. শিল্প : ১০০০ টাকা |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | গ্রহন/হস্তান্তর সংক্রান্ত নোটারী পাবলিকের কপি।<br>**বি: দ্র: উভয়ক্ষেত্রে পূর্বের সংযোগস্থলে অপরিবর্তিত থাকবে।** | | |
| ০৭ | ক. ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি<br>• সদর দপ্তর<br>• লালমোহন জোনাল অফিস<br>• চরফ্যাশন জানাল অফিস<br>• পরানগঞ্জ সাব-জোনাল অফিস | নাম সংশাধন | ১. এজিএম (অর্থ)<br>২. বিলিং সুপারভাইজার<br>৩. বিলিং সহকারী | সাদা কাগজে জাতীয় পরিচয় পত্রের ফটোকপিসহ জেনারেল ম্যানেজার/ডেপুটি জেনারেল ম্যানেজার বরাবর আবেদন করতে হবে। | তাৎক্ষনিক | - |
| ০৮ | ক. ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি<br>• সদর দপ্তর<br>• লালমোহন জোনাল অফিস<br>• চরফ্যাশন জানাল অফিস<br>• পরানগঞ্জ সাব-জোনাল অফিস | গ্রাহক কর্তৃক সরবরাহকৃত ট্রান্সফরমার পরীক্ষা/মেরামত | ১. এজিএম (ওএন্ডএম)<br>২. এলটি (ওয়ার্কশপ) | সাদা কাগজে জেনারেল ম্যানেজার বরাবর আবেদন করতে হবে। | পরীক্ষা তাৎক্ষনিক, মেরামত ১৫-৩০ দিন | • পরীক্ষাঃ ট্রান্সফরমার প্রতি ৫০০টাকা।<br>• পবিস নির্দেশিকা ১০০ সিরিজ অনুযায়ী মেরামত মূল্য। |

## সোলার প্যানেল স্থাপনের নীতিমালা

| গ্রাহক শ্রেণী | লোড অনুযায়ী সোলার প্যানেলের মান | মন্তব্য |
|---|---|---|
| আবাসিক | ২ কি. ও. এর উর্দ্ধে মোট লোডের ৩% সোলার প্যানেল | |
| বাণিজ্যিক ও শিল্প | ২-৫০ কি. ও. পর্যন্ত লাইট ও ফ্যান লোডের ৭% সোলার প্যানেল<br>৫০ কি. ও. এর উর্দ্ধে লাইট ও ফ্যান লোডের ১০% সোলার প্যানেল | |

| | | |
|---|---|---|
| পোশাক শিল্প | লাইট ও ফ্যান লোডের ৫% সোলার প্যানেল | |

- **গ্রাউন্ডিং রড ঃ** সাইজ ৮’x ৫/৮’’, ৩ ইঞ্চি পরিমাণ কন্টিনিউয়াস ওয়েল্ডিং ১০ গেজ জিআই তার ৮০ মাইক্রন গ্যালভানাইজড নূন্যতম ওজন ৪ কেজি ।
- **মিটার বোর্ড ঃ** White অথবা Off White রঙের প্লাস্টিক মিটার বোর্ড।
    - একফেজ মিটার বোর্ড:১০’’x ১২’’x ১/২’’
    - তিনফেজ মিটার বোর্ড ১২’’x ১৮’’x ১/২’’

**উল্লেখিত স্পেসিফিকেশন ব্যতীত মিটার বোর্ড বা গ্রাউন্ডিং রড দ্বারা ওয়্যারিং করা হলে কোনভাবেই উক্ত ওয়্যারিং গ্রহনযোগ্য হবে না।**

## অবৈধ ভাবে বিদ্যুৎ ব্যবহারে জরিমানা

- অবৈধ বিদ্যুৎ ব্যবহারকালীন প্রাক্কলিত বিদ্যুৎ বিল এবং অবৈধ হস্তক্ষেপজনিত কারণে ক্ষতিগ্রস্থ মালামালের প্রকৃত মূল্য।
- পূণঃ সংযোগ ও বিচ্ছিন্নকরণ ফি, ফৌজদারী মামলা এবং সাধারণ জরিমানা।

## সাশ্রয়ী ও নিরাপদ বিদ্যুৎ ব্যবহারের জন্য গ্রাহকের জ্ঞাতব্য বিষয়

- দিনের আলোর সর্বোচ্চ ব্যবহার পূর্বক পরিমিতভাবে বিদ্যুৎ ব্যবহার করে বিদ্যুতের অপচয় রোধ করুন এবং এসির তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখুন।
- দিনের পিক আওয়ারে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হোন। আপনার সাশ্রয়কৃত বিদ্যুৎ অন্যকে ব্যবহারে সহায়তা করবে। দিনের বেলায় জানালার পর্দা সরিয়ে রাখুন।
- বিদ্যমান আইন অনুযায়ী দোকানপাট, মার্কেট ও বিপনী বিতানসমূহ রাত ৮.০০ টার মধ্যে বন্ধ করুন। বিকাল ৩.০০ টা থেকে রাত ১০.০০ টা পর্যন্ত সিএনজি পাম্প বন্ধ রাখুন।

- সুপার মার্কেট, পেট্রোল পাম্প ও সিএনজি স্টেশনে অতিরিক্ত বাতি ব্যবহার করবেন না। হলিডে স্ট্যাগারিং এর নিয়মানুযায়ী সাপ্তাহিক ছুটির দিনে দোকানপাট বন্ধ রাখুন।
- এলইডি বাল্ব ব্যবহার করে অর্থের সাশ্রয় করুন, ঘর হতে বের হবার সময় বিদ্যুতের সুইচ বন্ধ করুন এবং বৈদ্যুতিক আলোকে সজ্জা ও অতিরিক্ত লাইট/ফ্যান ব্যবহার পরিহার করুন।
- সেচের ক্ষেত্রে পর্যায়ক্রমে ভিজানো শুকানো পদ্ধতি অনুসরন করুন এবং ঘর থেকে বের হবার সময় বিদ্যুতের সুইচ বন্ধ করুন।
- বিদ্যুৎ একটি মূল্যবান জাতীয় সম্পদ। দেশের বৃহত্তর স্বার্থে এই সম্পদের সুষ্ঠু  ও পরিমিত ব্যবহারে ভূমিকা রাখুন।
- সংযোগ বিচ্ছিন্ন এড়াতে নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করুন এবং সারচার্জ পরিশোধের ঝামেলা থেকে মুক্ত থাকুন।
- বিদ্যুৎ এর অবৈধ ব্যবহার থেকে নিজে বিরত থাকুন ও অন্যকে নিবৃত করুন। বিদ্যুৎ চুরি ও এর অবৈধ ব্যবহার রোধে আপনার জ্ঞাত তথ্য অভিযোগ কেন্দ্রে অবহিত করে সহযোগিতা করা আপনার দায়িত্ব। ইজিবাইক, অটো রিক্সা ও ব্যাটারি অবৈধভাবে চার্জিং করবেন না।
- কোন কারনে বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন ঘটলে ধৈর্য্য সহকারে কর্তৃপক্ষকে সহযোগিতা করবেন।
- বৈদ্যুতিক ছেঁড়া তার স্পর্শ করবেন না, ছেড়া তার হতে নিজে নিরাপদ থাকুন অন্যকে নিরাপদ রাখুন। বৈদ্যুতিক তার ছিড়ে গেলে ও বৈদ্যুতিক সরঞ্জামে আগুন লাগলে জরুরী ভিত্তিতে বিদ্যুৎ অফিসকে অবহিত করুন।
- পার্শ্ব সংযোগের মাধ্যমে বিদ্যুৎ ব্যবহার বে-আইনি এবং খুবই ঝুকিপূর্ণ। পার্শ্ব সংযোগের তার ছিড়ে গেলে/লিক হলে তাৎক্ষনিক বৈদ্যুতিক দূর্ঘটনা ঘটতে পারে। তাই পার্শ্ব সংযোগ প্রদান পরিহার করুন। বৈধভাবে বিদ্যুৎ সংযোগ গ্রহনের জন্য অফিসে যোগাযোগ করুন।
- হুকিং /অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহারের কারনে আর্থিক জরিমানা/ফৌজদারি মামলাহতে পারে। অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার করলে বৈদ্যুতিক দূর্ঘটনা ও ঘটতে পারে।
- গাছ কেটে বৈদ্যুতিক তারে ফেললে জীবনহানি ঘটতে পারে/বৈদ্যুতিক সরঞ্জাম নষ্ট হতে পারে।
- বিদ্যুৎ অফিস কর্তৃক বিদ্যমান লাইনের উভয় পার্শ্বে ১০ ফুট করে গাছপালা ছেটে দেওয়া হয়। নিরাপত্তার স্বার্থে গাছপালা কর্তনে অফিসকে সহযোগিতা করুন এবং বৈদ্যুতিক লাইনের নিচে ঝুকিপূর্ণ গাছপালা/লতা জাতীয় উদ্ভিদ রোপন পরিহার করুন।
- সার্ভিস ড্রপের তার ও বৈদ্যুতিক তারে কাপড় চোপড় শুকানো পরিহার করুন। বৈদ্যুতিক খুটি বা টানা তারে গরু, ছাগল ইত্যাদি বাধবেন না এবং টানা তার সংলগ্ন মাটি কখনোই কাটবেন/সরাবেন না।
- বৈদ্যুতিক লাইনের খুটিতে ডিসের তার টানা এবং লাইনের কাছাকাছি ডিস এন্টেনা স্থাপন পরিহার করুন।

- গৃহস্থালি ওয়্যারিং এর জন্য ভাল মানের ও সঠিক রেটিং এর তার , মেইন সুইচ/সার্কিট ব্রেকার/ফিউজ ব্যবহার করুন। যন্ত্রপাতি ও জীবনের নিরাপত্তার জন্য অবশ্যই যথাযথ মানের গ্রাউন্ডিং নিশ্চিত করুন।
- ভিজা হাতে বা খালি পায়ে কখনও সুইচে হাত দিবেন না। সকেটের ভিতর কোন তার বা কোন পরিবাহী পদার্থ ঢুকাবেন না।
- ছোট ছেলে মেয়েদের কখনও সুইচ, সকেট হোল্ডার অথবা বৈদ্যুতিক যন্ত্রপাতি নিয়ে খেলতে দিবেন না।
- মেইন সুইচের ফিউজ পুরে গেলে প্রথমে মেইন সুইচ বন্ধ করে সঠিক মাপের ফিউজ ব্যবহার করুন।
- বৈদ্যুতিক লাইনে কাজ করার ক্ষেত্রে অভিজ্ঞ ও প্রশিক্ষনপ্রাপ্ত ইলেকট্রিশিয়ানের সাহায্য নিন।
- প্রয়োজন ব্যতীত কখনো মেইন সুইচ অথবা মেইন সুইচ হতে মাটিতে প্রবেশকারি তারে হাত দিবেন না।
- সকল ইলেক্ট্রনিক্স এবং ইলেকট্রিক্যাল যন্ত্রপাতির মেটাল বডিতে আর্থিং এর সংযোগ দিন।
- কৌতুহলবশতঃ লাইনের উপরে রশি, আগাছা, সাপ, তার ইত্যাদি ছুড়ে মারবেন না। ছোট ছেলে-মেয়েদেরকে এ ধরনের কাজ থেকে বিরত রাখুন।
- বৈদ্যুতিক দূর্ঘটনা জনিত অগ্নিকান্ডে কখনও পানি দিবেন না। প্রথমে মেইন সুইচ বন্ধের ব্যবস্থা নিন এবং বালি বা মাটি দ্বারা আগুন নেভানোর চেষ্টা করুন।
- কোন ব্যক্তি বা জীবন্ত প্রাণী বৈদ্যুতিক তারে জড়িয়ে গেলে তাকে সরাসরি স্পর্শ না করে প্রথমে শুকনো কাঠ বা বাশ দিয়ে বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন করে তড়িতাহত ব্যক্তিকে কৃত্রিম ভাবে শ্বাস প্রশ্বাসের ব্যবস্থা করুন এবং ডাক্তারের কাছে নিয়ে যান। বিদ্যুৎ সরবরাহ লাইন তৈরি ও মেরামতের সময় নিজে ও ছেলে-মেয়েদের নিরাপদ দুরত্বে থাকতে বাধ্য করুন।
- বিদ্যুৎ সংযোগ থাকা অবস্থায় কোন বৈদ্যুতিক তার পানির সংস্পর্শে নিবেন না এবং বৈদ্যুতিক লাইনের নিচে ধাতব দন্ড বা বাশের খুটি স্থাপন করবেন না।
- লাইনের যে কোন বৈদ্যুতিক সমস্যায় নিজে হাত না দিয়ে বিদ্যুৎ বিলের অপর পৃষ্ঠায় উল্লেখিত মোবাইল নম্বরগুলোতে যোগাযোগ করুন।
- অস্বাভাবিকভাবে বোঝাই যানবাহন নিয়ে বৈদ্যুতিক লাইনের নিচ দিয়ে সাবধানে যাতায়াত করুন।
- জল পথের উপর দিয়ে যে সব স্থানে বৈদ্যুতিক লাইন গেছে সে সব স্থান সমূহে সাবধানতা অবলম্বন করে যাতায়াত করুন।